গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০৭৭.২২- ০৭ তারিখ: ০২ জানুয়ারি, ২০২২ খ্রি:।

**টাংগুয়ার হাওড়ের বাফার জোনের জলাশয় সমূহে পারমিট পদ্ধতিতে মৎস্য আহরণের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি।**

এতদ্বারা টাংগুয়ার হাওর পারের রেজিস্টার্ড সমবায় সমিতি লি: সদস্য বৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (টাংগুয়ার হাওর সেল) এর ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের ০৫.৪৬.৯০০০.০০৮.২৬.০৬.২০-২৪৭৪ নং স্মারক মূলে টাংগুয়ার হাওর ব্যবস্থাপনা কমিটির ৫৪তম সভার সিদ্ধান্তক্রমে বাফার জোন জলাশয়ে মৎস্য আহরণ পদ্ধতি অনুযায়ী টাংগুয়ার হাওর পারের ৪১ টি রেজিস্টার্ড সমবায় সমিতির প্রকৃত মৎস্যজীবিদের ৪০টি জলমহালের মধ্যে হানিয়া ও কলমা ব্যতীত অবাণিজ্যিক মৎস্য আহরণ কার্যক্রমের আওতায় মৎস্যজীবি সদস্যদের মধ্যে পারমিট বরাদ্দের মাধ্যমে 'বাফার জোনের জলাশয়সমূহে মৎস্য সম্পদ আহরণ ব্যবস্থাপনা নীতিমালা' অনুযায়ী টাংগুয়ার হাওরের বাফার জোনের বিল ও দাইড়ে ১৫ জানুয়ারি/২০২২ থেকে ৩১ মার্চ, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত গারো জাল, চৌহন্দা জাল ও চাঁই দিয়ে মৎস্য আহরণের জন্য আগ্রহী মৎস্যজীবি সদস্যদের নিকট থেকে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী মৎস্যজীবি সদস্যগণকে নিম্নলিখিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ বরাবরে ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের সাথে নগদ ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর বরাবরে জমা প্রদান করতে হবে। একটি মৎস্যজীবি দল শুধুমাত্র ০১(এক)টি সরঞ্জাম (গারো জাল/চৌহন্দা জাল/ চাঁই) দিয়ে ০১(এক)টি বিল/দাইড়ে মৎস্য আহরণের উদ্দেশ্যে পারমিট গ্রহণের জন্য আবেদন করতে পারবেন। গারো জালের ০১(এক)টি পারমিট দিয়ে সর্বোচ্চ ০২(দুই) জন, চৌহন্দা জালের ০১(এক)টি পারমিট দিয়ে সর্বোচ্চ ৬ (ছয়) জন ও চাঁই এর ০১(এক) টি পারমিট দিয়ে সর্বোচ্চ ০১(এক)জন মৎস্যজীবি মৎস্য আহরণ করতে পারবেন। সংশ্লিষ্ট বিল/দাইড়ের জন্য নির্ধারিত পারমিটের মূল্য বাবদ সমূদয় অর্থ প্রাপ্তি সাপেক্ষে জলাশয় ভিত্তিক উপযুক্ত মৎস্যজীবিদের চূড়ান্ত তালিকা তৈরী করে যোগ্য মৎস্যজীবি সদস্যদেরকে পারমিট প্রদান করা হবে।

এ বিষয়ে বিস্তারিত জানার জন্য আগ্রহী সকলকে নিম্ন লিখিত ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
আবেদন ফরম সংগ্রহের স্থান:

নিম্ন লিখিত ঠিকানায় অফিস চলাকালীন আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

- উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর এর কার্যালয়, তাহিরপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- টাংগুয়ার হাওর কেন্দ্রীয় সার্বিকগ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: কার্যালয় দুমাল, শ্রীপুর দক্ষিণ ইউ/পি, তাহিরপুর, সুনামগঞ্জ।

আবেদন ফরম জমা দেয়ার স্থানঃ

উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর এর কার্যালয়ে রক্ষিত বাক্সে আবেদন ফরম জমা দিতে হবে।
আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়া এবং যাচাই-বাছাই এর তারিখঃ

| আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার তারিখ | | আবেদনসমূহ যাচা-বাছাই এর তারিখ |
|---|---|---|
| ০৩/০১/২০২২খ্রি. হতে ০৬/০১/২০২২খ্রি. | সময়ঃ সকাল ১০ ঘটিকা হতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত | ১০/০১/২০২২খ্রি. |

02/01/2022

(মোঃ রায়হান কবির)
উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর
ও
সদস্য সচিব, টাংগুয়ার হাওর ব্যবস্থাপনা কমিটি

চলমান-২

স্মারক নং ০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০৭৭.২২- ০৭(৮০) তারিখ: ০২ জানুয়ারি, ২০২২ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

০২। পুলিশ সুপার, সুনামগঞ্জ।

০৩। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।

০৬। রেভিনিউ ডেপুটি কালেক্টর, সুনামগঞ্জ।

০৭। সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ।

০৮। অফিসার ইনচার্জ, তাহিরপুর থানা/মধ্যনগর থানা, সুনামগঞ্জ।

০৯। চেয়ারম্যান, শ্রীপুর উত্তর/শ্রীপুর দক্ষিণ, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০। চেয়ারম্যান, বংশীকুন্ডা উত্তর/বংশীকুন্ডা দক্ষিণ, ধর্মপাশা, সুনামগঞ্জ।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, টাংগুয়ার হাওর কেন্দ্রীয় সার্বিকগ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: কার্যালয় দুমাল, শ্রীপুর দক্ষিণ ইউ/পি, তাহিরপুর, সুনামগঞ্জ।

১২। অফিস কপি/মাস্টার ফাইল।

০২/০১/২০২২

(মোঃ রায়হান কবির)
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।